

## সামরিক কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে স্টাফ কলেজ অবদান রেখেছে

স্টাফ কলেজের রজতজয়ন্তীর নৈশভোজে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া সমরবাহিনীর অফিসারদের পেশাগত মান উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের অবদানে সন্তোষ প্রকাশ করেছেন। তিনি গতকাল সন্ধ্যায় মিরপুরে সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের রজতজয়ন্তী উপলক্ষে এলামনাই ডিনারে বক্তৃতা করছিলেন। বাসস।

অন্যান্যের মধ্যে মন্ত্রী, সশস্ত্র বাহিনীর প্রধানগণ, কূটনৈতিক, পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং স্টাফ কলেজের কমান্ড্যান্ট ও অনুষদ সদস্যরা এতে যোগ দেন।

প্রধানমন্ত্রী বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান দেশে সমরবাহিনীর সদস্যদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির জন্য ১৯৭৭ সালের ৩০ ডিসেম্বর স্টাফ কলেজ উদ্বোধন করেন।

তিনি বলেন, 'শহীদ জিয়ার লক্ষ ছিল সর্বাধুনিক শিক্ষা ও যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে আমাদের সমরবাহিনীকে সুপ্রশিক্ষিত বাহিনী হিসেবে গড়ে তোলা। স্টাফ কলেজ এই লক্ষ অর্জনে সফল হওয়ায় আমি খুশি।' খালেদা জিয়া বলেন, 'তিন বাহিনীর সমন্বিত প্রশিক্ষণের অনন্য এই প্রতিষ্ঠান আন্তঃবাহিনীর অফিসারদের মধ্যে দৃঢ় সেতুবন্ধন রচনা করেছে।

তিনি এই কলেজের শুক্রেতে শিক্ষা কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদানের জন্য ব্রিটিশ সরকার এবং ব্রিটিশ সামরিক উপদেষ্টা দলকে ধন্যবাদ জানান।

খালেদা জিয়া বলেন, এই কলেজে প্রশিক্ষণ লাভের পর এ দেশেরই সুযোগ্য ও নিষ্ঠাবান অফিসাররা এর দায়িত্ব গ্রহণ করেন। তাদের ঐকান্তিক প্রচেষ্টায় এটি আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজস্ব স্বকীয়তা ও বৈশিষ্ট্য এক অনন্য শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সুনাম ও স্বীকৃতি অর্জন করেছে বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী এই প্রতিষ্ঠান থেকে দেশের ১ হাজার ৪শ' এবং বহুপ্রতিম ২৯টি দেশের ৪শ' অফিসার উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেছেন জেনে সন্তোষ প্রকাশ করেন। ● এরশাদ-পৃষ্ঠা ১১ কলাম ৫



ঢাকার মিরপুর সেনানিবাসে অবস্থিত সামরিক বাহিনীর কমান্ড ও স্টাফ কলেজের ২৫ বছর পূর্তি উপলক্ষে রজতজয়ন্তী উদযাপনের কর্মসূচিতে গতকাল আরোজিত নৈশভোজে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া  
—পিআইডি

### সামরিক কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে

● শেষের পাতায় পর প্রকাশ করেন। তিনি বলেন, 'এটা আমাদের জন্য গৌরবের বিষয়।'

এই কলেজ থেকে দেশ-বিদেশের মাতক ছাত্র ও তাদের পত্নীগণ রজতজয়ন্তী উপলক্ষে দু'দিনব্যাপী অনুষ্ঠানে যোগ দেন। এলামনাই ডিনারের পর সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।